

স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের বেতন-ভাতা দেয়ার পরিকল্পনা নেই

—সংসদে শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, দেশে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের সরকারীভাবে বেতন ভাতা প্রদানের পরিকল্পনা সরকারের নেই। গতকাল জাতীয় সংসদে ডাঃ রুস্তম আলী ফরাজীর এক লিখিত প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।

জামায়াতে ইসলামীর আজিজুর রহমান চৌধুরীর অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, দেশের স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের সমহারে বেতন বাবদ সরকারী অনুদান প্রদানের বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। তিনি জানান, মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত ৬ হাজার ৭১৩টি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার মধ্যে ১ হাজার ৫৮১টি মাদ্রাসা এমপিওভুক্ত করা হয়েছে। এমপিওভুক্ত এসব মাদ্রাসার ৩ হাজার ১৫০ জন শিক্ষককে প্রতিমাসে ৫শ' টাকা হারে অনুদান প্রদান করা হচ্ছে।